

এ্যান ইমেজ্ অব্ আফ্রিকা

[A translation of Chinua Achebe's *An Image of Africa*]

A THESIS SUBMITTED IN PARTIAL FULFILLMENT FOR THE

REQUIREMENTS OF THE DEGREE OF MASTER OF ARTS IN ENGLISH


Tamal Taru Chowdhury

ID: 2007-3-93-004

East West University

Department of English

Dhaka



16 SEPTEMBER 2009

ORIGINAL LITERARY WORK DECLARATION

I do hereby solemnly declare that this work has been written entirely by me except
for the references which I have acknowledged duly.

Name of Candidate: Tamal Taru Chowdhury

ID No.: 2007-3-93-004

Name of Degree: M. A. in English

Title of the Dissertation: এ্যান ইমেজ্ অব্ আফ্রিকা

Field of Study: English

Signature of the Researcher: *Tamal Taru Chowdhury*

Date: *27/12/09*

Signature of the Supervisor: *Fakrul Alam*

Date: *27/12/09*

Name of the Supervisor: Dr. Fakrul Alam

Designation: Professor, Department of English

The University of Dhaka

And

Advisor & Adjunct Faculty

Department of English

East West University



ACKNOWLEDGEMENT

s is a thesis submitted in partial fulfillment for the requirement of the degree of Master of Arts in English. The thesis includes a Bangla translation of Chinua Achebe's *Image of Africa*. While preparing this paper, I consulted different people on the topic whose contribution can never be forgotten.

First of all, I would like to show my gratitude to Dr. Fakrul Alam, Professor, The University of Dhaka, and Advisor and Adjunct Faculty, EWU, for supervising the dissertation, for providing necessary materials and for permitting me to do a research under him. I hope I have been a worthy explorer of the realm he has led me to.

I am grateful to Muhammed Shahriar Haque, Ph.D., Chair, Department of English, for providing me with continuous support to complete this research work. This is partly the fruit of his dedication and my labor.

Very special and warm thanks should be given to my classmates because this research would be almost impossible if I was not encouraged by them. They helped me to develop a roadmap although I have followed my own path.

Moreover, my heartfelt thanks to East West University for providing students with the opportunity for embarking on such a creative endeavor. It helped us to explore unexplored region of our creativity, which would have otherwise remained unknown even to ourselves.

TABLE OF CONTENTS

1. Abstract
2. Introduction to Translation Studies
3. Introduction to Chinua Achebe's "An Image of Africa"
4. Significance of This Research
5. Methodology



ABSTRACT

“An Image of Africa: Racism in Conrad's Heart of Darkness” is the published and amended version of the second Chancellor’s Lecture given by Chinua Achebe at the University of Massachusetts, Amherst, in February 1975. The text is considered to be part of the postcolonial critical movement, which articulates the sentiment of the people of non-Westernized nations and is about people coping with the effects of colonialism.

In "An Image of Africa: Racism in Conrad's Heart of Darkness", Achebe criticizes Joseph Conrad for using racist stereotypes about the continent and people of Africa. He claims that Conrad propagated the "dominant image of Africa in the Western imagination" rather than portraying the continent in its true form.

This is the first Bangla translation of “An Image of Africa”, a lecture by Achebe, to be done in Bangladesh. The lecture has actually been translated to quench the thirst of the academicians of our country who are ever conscious about the drastic impact of European colonialism as both Bangladesh and Africa have had a long legacy of colonialism. And I hope the translation will live up to the readers’ expectations.



INTRODUCTION TO TRANSLATION STUDIES

The task of a translator is worth appreciating. A translator frees a text from the fixed signs of its original shape in order to make it known to the TL readers. A translated text in fact creates a communicative relationship among the author, the translator and the readers. Practice and theory are closely linked with each other in translation. Here it is important to note that the product of a translation is the result of a complex system of decoding and encoding at the semantic, syntactic and pragmatic levels.

Whatever the genre of translation - poem, drama, prose, speech, etc. - almost all such terms as comprehensibility, translatability, correspondence, equivalence, shifts, untranslatability, negotiation, loss and gain, etc. are interrelated. Of the two types of translation – literal and free – speech translation belongs to the latter, for it involves dialects, dialogues, underline meaning, culture, action, etc. Speech translation can be a sort of word for word translation, for word for word translation is not capable of creating effects with either the speaker or the audiences.

Translation is a phenomenon that has a major impact on everyday life. This can range from the translation of key international treatises to elementary level rhyme books. In his article 'On Linguistic Aspects of Translation', Roman Jakobson distinguishes three types of written translation (Bassnett 22):

1. Intralingual translation - translation the same language, which can involve rewording or paraphrase;
2. Interlingual translation - translation from one language to another, and
3. Intersemiotic translation – translation of the verbal sign by a non-verbal sign, for example music and image.

The translator, therefore, operates with criteria that transcend the purely linguistic process of decoding and recording that take place. Another aspect of translation that experts have attended to is the translation process. For instance, Newmark (1988: 144) contends that there are three basic translation steps:

1. The interpretation and analysis of the SL text;
2. The translation procedure (choosing equivalents for words and sentences in the TL), and
3. The reformulation of the text according to the writer's intention, the reader's expectation, the appropriate norms of the TL, etc.

This paper is concerned with some aspects of the first process. It will be suggested that a major procedure in the interpretation and analysis of the SL text should be text analysis at the macro-level with the goal of unfolding rhetorical macro-structures. By macro-structures we mean patterns of expression beyond the sentence level.

INTRODUCTION TO ACHEBE'S "AN IMAGE OF AFRICA"

Conrad's famous novel *Heart of Darkness* has been regarded as a canonical work in English literature and has been praised as an outstanding short novel. But the tale has not only received positive reviews. One of the first to question the outstanding position which the novel held in the academic world was the Nigerian writer Chinua Achebe with his essay "An Image of Africa: Racism in Joseph Conrad's *Heart of Darkness*". In my opinion, Achebe is right in pointing out that Conrad employs a rhetoric which is supportive of imperial domination and that his novel *Heart of Darkness* contributes to a stereotyped image of Africa.

Achebe expanded this criticism when he presented the Chancellor's Lecture at Amherst on 18 February 1975, titled "An Image of Africa: Racism in Conrad's *Heart of Darkness*". Decrying Joseph Conrad as "a bloody racist", Achebe asserted that Conrad's famous novel dehumanises Africans, rendering Africa as a metaphysical battlefield devoid of all recognisable humanity, into which the wandering European enters at his peril.

Achebe also discussed a quote from Albert Schweitzer, a 1952 Nobel Peace Prize laureate: "The African is indeed my brother," he is reported to have said, "but my junior brother." Some were surprised that Achebe would challenge a man honoured in the West for his "reverence for life", and recognised as a paragon of Western liberalism.

The lecture caused a storm of controversy, even at the reception immediately following his talk. Many English professors in attendance were upset by his remarks; one elderly professor reportedly approached him, said: "How dare you!", and stormed away. Another suggested that Achebe had "no sense of humour", but several days later Achebe was approached by a third professor, who told him: "I now realize that I had never really read *Heart of Darkness* although I have taught it for years." Although the lecture angered many of his colleagues, he was nevertheless presented later in 1975 with an honorary doctorate from the University of Stirling and the Lotus Prize for Afro-Asian Writers.

SIGNIFICANCE OF THIS RESEARCH

The translation of “An Image of Africa” will be, I think, the gateway of exploring new idea about Africa. This is the high time to subvert the image of a canonical text like *Heart of Darkness*, as Achebe declares the book to be one-sided, imaginary writing of Conrad. Secondly, the research will try to introduce African cultural trends in Bangla writing. Thirdly, familiarizing readers with African writing situation is another intention. Fourthly, I intend to produce a culturally equivalent text where alien elements will be properly introduced to readers. Fifthly, the translation will attempt to bring back fidelity and translucency in translation. Finally, the aim of this research is to make Achebe’s ideas well-known so that our native speakers can understand their importance and relevance for them.

In a broader sense, this study intends to show that literature is universal. In addition, the research will be done assuming that through it the writers and readers of Bangla literature will come across a new dimension. Moreover, it is hoped that innumerable Bangla readers will benefit from this study.



METHODOLOGY

For this research, an attempt will be made to translate the speech titled "An Image of Africa: Racism in Conrad's Heart of Darkness" by Chinua Achebe. The text which has been selected for this research will be translated from English to Bangla following the conceptual translation method; emphasis would be given in grasping the thought as much as possible rather than going on a wild goose chase after the exact meaning of words. The grammatical rules will be bent if not violated to meet up the necessity of the translation. However, idioms, phrases, and certain expressions which mark the very signature of an author will be preserved in such way so that the readers get to savor the originality of the writing and get to feel the author's milieu; yet this would be done in a comparative way, keeping the readers' native setting in mind so that they do not feel something totally alien to them.

WORKS CITED

Bassnett, Susan. Translation Studies. 2nd ed. London and New York: Routledge, 1991.

Hatim, Basil, and Jeremy Munday. Translation. London and New York: Routledge, 2004.

Munday, Jeremy. "Translation Studies" Oxford Journals. 2006
<http://ywccet.oxfordjournals.org/cgi/content/full/14/1/195?maxtoshow=&HITS=10&hits=10&RESULTFORMAT=&fulltext=translation+studies&searchid=1&FIRSTINDEX=0&resourcetype=HWCIT> -->

Siddiqui, Zillur Rahman. Bangla Academy English – Bangla Dictionary. Thirteenth Reprint. Dhaka: Bangla Academy, 2006.

Venuti, Lawrence, ed. The Translation Studies Reader. London and New York: Routledge, 2000.



শিক্ষাবর্ষের শুরুর দিকে শরৎের চমৎকার সকালটা ছিল এমনি যা পাশাপাশি হেঁটে চলা আগন্তুককেও প্রিয় করে তোলে। চোখে মুখে নবোদ্যমের ঝিলিক নিয়ে প্রাণচঞ্চল তরুন-তরুনীরা ছুটেছে বিভিন্ন দিকে যাদের অনেকেই প্রথম বর্ষের শিক্ষার্থী। আমার পথেই হাঁটছিলেন এক প্রবীন ব্যক্তি। ঘাড়টা ঘুড়িয়ে আমাকে লক্ষ্য করে বলে উঠলেন, “কত কাঁচা বয়সেই তরুন-তরুনীরা আজকাল বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করছে”। আমি তাঁর কথায় সম্মতি জানালাম। তাঁর পাল্টা প্রশ্ন, “আপনি কি ছাত্র”? উত্তরে বললাম, “না, আমি শিক্ষক”। “আপনি কি পড়ান”? “আফ্রিকান সাহিত্য”। “বা:! কি অদ্ভুত! এ ধরনের কিছু আছে বলে তো আমার জানা ছিলনা।” তাঁর কথায় কর্ণপাত না করে হাঁটার গতি খানিকটা বাড়িয়ে দিলাম। এবার আমাকে উদ্দেশ্য করে তাঁর শেষ মন্তব্য, “ঠিক আছে। এটা জানার জন্য আমাকে বোধহয় এবার আপনার কোর্সটা নিতেই হবে”।

এর ঠিক কয়েক সপ্তাহ পর নিউ ইয়র্কের ইয়াক্সারস থেকে উচ্চ মাধ্যমিক শ্রেণীর ছাত্রদের লেখা দু'টো মর্মস্পর্শী চিঠি পেলাম, যারা -- সাধুবাদ তাদের শিক্ষককে - - সবেমাত্র থিংস ফল এপার্ট পড়ে শেষ করল। তাদের একজন তো উপন্যাসে লেখা আফ্রিকান এক আদিগোষ্ঠীর নিজস্ব রীতি-নীতি ও বিশ্বাসনির্ভর জীবনযাত্রা সম্বন্ধে জেনে বেশ উল্লসিত।

এসব ছোটখাট অপ্রত্যাশিত ঘটনাবলী থেকে আমি যে দৃঢ় উপসংহারে পৌঁছাতে চাই তা তাদের কাছে আপাত:দৃষ্টিতে অপ্রাসঙ্গিক মনে হতে পারে; কিন্তু তা শুধুই প্রাথমিক পর্যায়ে। ইয়াক্সারসের তরুণটির কাছে হয়তো এটা অজানা যে নিউ ইয়র্কের ইয়াক্সারসে বসবাসরত তার চারপাশের মানুষগুলোর জীবনও উদ্ভট রীতি-নীতি ও ধ্যানধারণায় পরিপূর্ণ। এই অজ্ঞতার পেছনে তার কাঁচা বয়সটা কিছুটা দায়ী, কিন্তু

তার চেয়েও যে কারণটা বেশী দায়ী সেটা অনেক গভীর এবং সুদূরপ্রসারী। ইয়াঙ্কারস ঘরানায় বেড়ে উঠা অন্য সবার মত তারও ধারণা- ঐ সমস্ত বিষয়াদির মুখোমুখি হওয়ার জন্য তার আফ্রিকাতেই যেতে হবে।

রাস্তায় দেখা আমার বয়সী সেই ব্যক্তিকেতো মোটেই ক্ষমা করা যায় না, কেননা তাঁর মতো একজন বয়োঃজ্যেষ্ঠ ব্যক্তির মুখে আফ্রিকানদের উদ্দেশ্যে এ ধরণের মন্তব্য মোটেই আশাশ্রদ নয়। তারপরও ধরে নিলাম, অজ্ঞতা হতে পারে অন্যতম যুক্তিযুক্ত কারণ। কিন্তু আমার বিশ্বাস, নিতান্তই বিদ্যমান তথ্যাদির অপ্রতুলতার চেয়ে স্বীকৃতি প্রদানে জোড়ালো অনীহাই যেন বেশী। এই কারণেই কি হাগ্ ট্রেভার রোপার এর মত পণ্ডিত, ঐতিহাসিক এবং অক্সফোর্ডের রেজিয়াস প্রফেসরের মুখে কিছুকাল আগে শোনা গিয়েছিল, “আফ্রিকানদের ইতিহাস বলে কোন কিছুই অস্তিত্ব কোন কালে ছিল না”?

যদি এসব বক্তব্যে অভিজ্ঞতার নতুনত্ব কিংবা নিখাদ জ্ঞানের অনুপস্থিতির চাইতে বেশি কিছু থেকে থাকে তবে সেটা কি? অতি স্বাভাবিক - এটি হলো সেই ইচ্ছা - কেউ হয়তো বলতে পারে প্রয়োজন - পশ্চিমা মনস্তত্ত্বে আফ্রিকাকে ইউরোপের বিপরীতে নিচু করে দেখানোর। দূরবর্তী, স্বল্প পরিচিত, তুচ্ছ-তাচ্ছিল্যে ভরা এমনি এক দেশ আফ্রিকা যার তুলনায় ইউরোপকে অনেক মহিমাম্বিত করে দেখানো যায়।

প্রয়োজনটা তাদের নতুন কিছু নয় : এ কারণে আমরা অনায়াসে অনেক দায়িত্ব এড়িয়ে যেতে পারি এবং কেমন যেন নিরাসক্তভাবে এই ঘটনার দিকে তাকাই। আবার, ব্যাপারটাকে সমাজবিদ্যা অথবা জীববিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে মোকাবেলা করার মতো আমার না আছে সাধ, না আছে সাধ্য। কিন্তু ঔপন্যাসিক হিসাবে আমি ইউরোপীয় এক বিখ্যাত কল্পগল্পের প্রতি সাড়া দিতে পারি।

আমার জানা মতে, অপেক্ষাকৃত অন্যান্য বইয়ের তুলনায় যে বইতে পাশ্চাত্য আকাঙ্ক্ষা এবং প্রয়োজনের সর্বাধিক প্রতিফলন ঘটেছে তা হচ্ছে জোসেফ কনরাডের *হার্ট অব ডার্কনেস*। অবশ্য এ বই ছাড়াও এরকম বই ভর্তি অনেক গ্রন্থাগার আছে যেগুলো পাশ্চাত্য স্বার্থ চরিতার্থে নিবেদিত, কিন্তু এগুলো এতই সুস্পষ্ট এবং অমার্জিত যা কিছু মানুষকে আকর্ষণ ভাবিয়ে তুলেছে। অন্যদিকে এটা কনরাডের মত কথাশিল্পী বলে কথা যিনি কিনা নিঃসন্দেহে আধুনিক কথাসাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ রূপকার। তাই তাঁর সাহিত্যকর্মও স্বভাবতই ভিন্ন মাত্রার, যাকে বলা যায় 'চিরায়ত সাহিত্য', যেটা বিদ্বৎসমাজের সভ্যদের দ্বারা পড়া হয়, পড়ানো হয় এবং মূল্যায়িত হয়। উপরন্তু, বর্তমান সময়ে *হার্ট অব ডার্কনেস* এতই আলোচিত যে একজন প্রথম সারির কনরাড বিশেষজ্ঞ এই বইকে তালিকাভুক্ত করেছে "ইংরেজী সাহিত্যের জগতে আধাডজন ছোট উপন্যাসের মধ্যে একটি"। ব্যাপারটা আমি যথাসময়ে বিশ্লেষণ করব। কেননা এই মতামতের বিষয়ে কার দায় কতটুকু, সে সম্পর্কিত আমার দূরবর্তী ধারণাকে ভিন্ন ধারায় প্রবাহিত করা হতে পারে।

হার্ট অব ডার্কনেসে আফ্রিকাকে উপস্থাপন করা হয় "পরাজগত" হিসাবে। ইউরোপ এবং সেই কারণেই সভ্যতারও মূর্তমান বৈপরিত্য প্রদর্শনের উদ্দেশ্যে আফ্রিকা এ উপন্যাসের পটভূমি আর কনরাডের লেখায় আফ্রিকানদেরকে এমনভাবে দেখানো হয়েছে যেখানে তাদের চূড়ান্ত বুদ্ধিমত্তা এবং নান্দনিকতা অপ্রতিরোধ্য এক আদিমতার সামনে কেমন হাস্যকরভাবে অসহায়। কাহিনীর সূত্রপাত শান্ত সুনিবিড় টেইমস্ নদীর তীরে যা "যুগ যুগ ধরে দু'কূলে বেড়ে ওঠা বিভিন্ন সম্প্রদায়ের কল্যাণ করতে করতে আজ জীবন সায়াহে এসে ঠেকেছে"। কিন্তু, গল্পের মূল কাহিনী প্রবাহিত হয়েছে কঙ্গো নদী বেয়ে যা টেইমস্‌র বৈষম্যের শিকার। পরিকল্পনা প্রসূত: এটাই দেখানো হয়েছে যে কঙ্গো নদী টেইমস্‌র মতো রীভার

এমিরেটাস জাতীয় কিছুই না। জীবনভর দেয়নি কোন সেবা, পায় না কোন অবসরভাতা। আমাদেরকে এটাই বলা হচ্ছে, “কঙ্গো নদী বেয়ে অশ্রুসর হওয়া মানেই আদিমতার সূচনালগ্নে ফিরে যাওয়া”।

কনরাড কি তাহলে এটাই বুঝাচ্ছেন দুটো নদী সম্পূর্ণ এপিট ওপিট : একটা মর্যাদাসম্পন্ন, অন্যটা মর্যাদাহীন। হতে পারে, কিন্তু সেটা গল্পের মূল বক্তব্য নয়। আসলেই যে ব্যাপারটা কনরাডকে উদ্ভিগ্ন করে তা হলো দুই ভুবনের দুই বাসিন্দার মধ্যে লুকিয়ে থাকা পূর্বপুরনুষের একই সূত্রে গাঁথা সম্পর্ক। তাঁর স্বীকারোক্তিতে, টেইমস্ ও “পৃথিবীর অন্যতম মর্যাদাহীন নগরী হিসাবে ছিল”। সময়ের ব্যবধানে সে তার মর্যাদা ফিরে পেয়েছে। কিন্তু টেইমস্ যদি তার পূর্বপুরনুষ কঙ্গোর দর্শনে যায়, তবে টেইমস্‌র ভয়ানক আশংকা থেকে যায় সে হয়তো তার বিস্মৃত কালো অধ্যায়ের জন্য কঙ্গোর কাছে ঠাট্টার শিকার হবে।

আফ্রিকান পরিমন্ডলকে ঘিরে কনরাডের যে বিখ্যাত আহ্বান তা নিয়ে আমি আপনাদের সময় নষ্ট করতে চাই না। শেষমেষ, তাঁর কথাগুলো অচল, পাণ্ডিত্যপূর্ণ, ধর্মীয় লেবাসধারী দুটি বাক্যের পুনরাবৃত্তি ছাড়া আর কিছুই নয়। নিরবতা এবং উন্মাদনা: এই হলো দুটি বাক্যের বিষয়। নিরবতা নিয়ে একটি উদাহরণ হচ্ছে,

“এটা ঘাপটি মেরে থাকা দুর্জ্জয় অভিপ্রায়ের ধ্বংসাত্মক শক্তির নিস্ক্রতা”।

এবং উন্মাদনার উদাহরণ হচ্ছে,

“ধীরে-ধীরে, খুঁকে-খুঁকে এক অন্ধকারাচ্ছন্ন, দুর্বোধ্য উন্মাদনার তীর বেয়ে ষ্টিমারটির যাত্রা”।

অবশ্য তাঁর বইতে বিশেষণের সুবিধাজনক পরিবর্তন আপনাদের পরিলক্ষিত হতে পারে যার বদৌলতে ‘দুর্বোধ্য’ কিংবা ‘দুর্জ্জয়’ হয়ে যায় ‘অনির্বচনীয়’।

বিশিষ্ট সুস্বদর্শী, ইংরেজ সমালোচক এফ. আর. লেভীস্ প্রায় ত্রিশ বছর আগে কনরাডের “অব্যক্ত এবং দুর্বোধ্য রহস্য বর্ণনায় বিশেষণের প্রভাব” শীর্ষক বিষয়ে দৃষ্টিপাত করেছিলেন। কনরাডের এই প্রভাবটাকে আর দশজন সমালোচকের ন্যায় নিতান্তই তুচ্ছ রচনাসৈলীগত ত্রুটি হিসাবে হালকা ভাবে দেখা সমীচীন নয়। এটা রচনাসৈলীর বিশ্বাসযোগ্যতাকে প্রশ্নবিদ্ধ করে তোলে। যখন একজন লেখক এই ভেবে ভান করেন যে তিনি দৃশ্য, ঘটনা এবং তাদের পারিপার্শ্বিক দিকসমূহ অবিকল ফুটিয়ে তুলছেন, তিনি আসলেই দৃশ্যায়নের নামে তাঁর পাঠকদেরকে আবেগঘন শব্দবানে সম্মোহিত করে রাখছেন। এবং একজন রচনাসৈলীসম্পন্ন লেখকের মধুর প্রকাশ ভঙ্গীর ক্ষমতার সামনে অন্য সব কৌশল ধোপে টেকে না। সচরাচর সাধারণ পাঠকরা এ ধরনের অনৈতিক কৌশল প্রতিরোধ করতে বেশ সিদ্ধহস্ত। কনরাড এক্ষেত্রে এমন বিষয়বস্তু বেছে নিয়েছেন যাতে তাঁর পাঠকরা না মনস্তাত্ত্বিক টানাপোড়নে ভোগে, না প্রতিবাদমুগ্ধ হয়ে ওঠে। তিনি পুরোনো, মুখোরোচক গল্পের রসদযোগানকারীর ভূমিকা রেখেছেন মাত্র।

হার্ট অব ডার্কনেসের চৌম্বক অংশগুলো গল্পের চারিত্রিক বিশ্লেষণ নিয়েই। গল্পের মাঝামাঝি অংশ থেকে একটা অনুচ্ছেদ উদ্ধৃত করার লোভ আমি সামলাতে পারছি না। ইউরোপের মহারথীরা ষ্টিমারে করে কঙ্গো নদী বেয়ে যাচ্ছে আফ্রিকান অধিবাসীদের মুঝোমুখি হতে। তাঁর ভাষায় :

ঘুরতে ঘুরতে আমরা যেন প্রাগৈতিহাসিক যুগে ফিরে এসেছি। অজানা গ্রহের সব বৈশিষ্ট্যই যেন এখানে বিদ্যমান। প্রথম অভিশপ্ত উত্তরাধিকারী হিসাবে আমরা নিজেদেরকে ভাবতে লাগলাম। নিদারম্মন মনস্‌স্বাপ আর হাড়-ভাঙ্গা খাটুনির মধ্য দিয়ে নিজেদেরকে দমিয়ে রাখলাম। কিন্তু হঠাৎ যখন একটু মাথা তুলে তাকলাম, দেখলাম এক ধাবমান মানবদেয়াল - মাথা ঘাসে ঢাকা, কানফটা সুতীর চিৎকার, কালো বাহুর ঘূর্ণন, হাততালির উৎসব, ভূমিতে সজোরে পদাঘাত,

দোল খাওয়া শরীর আর পত্রপল্লবের ফাঁকে ভারী অখচ নির্জীব চোখের নাচন। ধীরে-ধীরে, ধুঁকে-ধুঁকে এক অন্ধকার, দুর্বোধ্য উন্মাদনার তীর বেয়ে ষ্টিমারটির যাত্রা। প্রাগৈতিহাসিক মানুষগুলো আমাদেরকে অভিশাপ দিচ্ছে, আমাদের জন্য প্রার্থনা করছে, আমাদেরকে স্বাগতম জানাচ্ছে। আমরা বোধশক্তির দুনিয়া থেকে বিচ্ছিন্ন, ধীরে ধীরে পরিণত হচ্ছি অপছায়ায়। আমরা বিস্মিত, ভীত যেমনটি একজন সুস্থ স্বাভাবিক লোক পাগলাগারদের উন্মাদনা দেখে অনুভব করে। আমাদের কিছুই মনে নেই কেননা আদিম যুগের রাতের অন্ধকারে ছিল আমাদের যাত্রা। এমন যুগের কথা বলছি যে যুগ গত হয়েছে অনেক আগে, যে যুগ সমস্ত স্মৃতিকে ধুয়ে মুছে রেখে গেছে দু' একটি চিহ্ন।

এভাবেই বইতে বর্ণিত হয়েছে হার্ট অব ডার্কনেসের কাহিনী ঠিক যেমনটি পশ্চিমা মনে মনে ভাবে।

“তোমাকে শিহরিত করবে তাদের মনুষ্যত্ববোধ. তোমাদের মতোই. কুৎসিত।”

এ তো গেলো আফ্রিকা সম্বন্ধে মোটামুটি বর্ণনা। এবার কনরাড শুরু করলেন সুনির্দিষ্ট উদাহরণ সাপেক্ষে ব্যাখ্যা। এখানে, তিনি আমাদেরকে একজন আফ্রিকানের এমন এক দূর্লভ বর্ণনা দিচ্ছেন যা আগের বর্ণনাকেও ছাড়িয়ে গেছে :

আর কিছুক্ষনের মধ্যেই আমার উপর দায়িত্ব এসে পড়লো বর্বর, অগ্নি-নির্বাপক ব্যক্তিটির দেখাশোনা করার। সে আফ্রিকানদের মধ্যে কিছুটা উন্নত সংস্করন; খাড়া ইঞ্জিনের আগুন নিভানোর মতো কাজে সে বেশ সিদ্ধহস্ত। সত্যিকার অর্থে এই ভালো লোকটির জন্য কয়েক মাসের ট্রেনিং এর ব্যবস্থা করা হলো.



সবাই জানে কনরাডি একপেশে কল্পনাপ্রবণ লেখক। একারণেই হয়তো তিনি বর্বরদের হাততালির উৎসব আর ভূমিতে সজোরে পদাঘাতকে ভূয়সী প্রশংসা নাও করতে পারেন। কনরাডের মতো মানুষের কাছে ঘটনার স্থানটাই গুরুত্বপূর্ণ বিষয়।

গল্পের শেষের দিকে সম্পূর্ণ অনাকাঙ্ক্ষিতভাবে কনরাডি উদারচিত্তে আলোকিপাত করেন এক আফ্রিকান রমণীর প্রতি যে বলতে গেলে কুর্টজ এর এক প্রকার রক্ষিতাই ছিল : কুর্টজ এর অপ্রতিরোধ্য বিদায়কে ঘিরে সে রমণী হয়ে উঠে এক ভয়ানক রহস্য।

“সে ভয়ঙ্কর কিম্বদন্তি অসাধারণ, বুনোচোখা অথচ জয়কালো বন্য দৃষ্টি নিয়ে পনকহীন চোখে
সে আমাদের দিকে তাকিয়ে থাকল”

আমাজন সম্বন্ধে প্রয়োজনীয় এই বর্ণনার নেপথ্যে দুটো কারণ। প্রথমত, গল্পের নারী চরিত্রটিকে তার নিজের পরিবেশে দেখানো হয়েছে যেটা কনরাডের নিজস্ব ব্র্যান্ড অব অ্যাপ্রুভাল। দ্বিতীয়ত, গল্পের অবকাঠামোগত চাহিদা পূরণে তার প্রয়োজনীয়তা। সে সভ্য, পরিশীলিত ইউরোপীয় রমণীর বর্বর প্রতিপক্ষ যার মাধ্যমে গল্পের পরিসমাপ্তি ঘটে :

মলিন পোষাক আর ধূসর মাথা নিয়ে অপেক্ষার প্রহরে ভাসতে ভাসতে অবশেষে গোধূলী লগনে
সে আমার কাছে এসে পৌঁছালো। বিলাপমুখর আমার হাত দুটো তার হাতে নিয়ে মৃদুস্বরে
বললো, “আমি শুনেছিলাম তুমি আসছ” অন্যের প্রতি বিশ্বস্ত থাকা, নিজের বিশ্বাসে অটল
থাকা এবং হাসি মুখে দুঃখকে মেনে নিতে সে যথেষ্ট সিদ্ধহস্ত।

এই দুই রমনীর প্রতি ঔপন্যাসিকের দৃষ্টিভঙ্গীর যে তারতম্য তা বর্ণনার অনেক জায়গাতেই সরাসরি এবং সুস্পষ্টভাবে উঠে এসেছে। কিন্তু মনে হয়, স্থূল পার্থক্যটা লেখকের মধ্যেই নিহিত। একজনকে মানবিক ভাবপ্রকাশের ক্ষমতা প্রদান এবং অন্যজনের সে একই ক্ষমতা রহিত করা। আফ্রিকান “আদিম আত্মাদের” মুখে ভাষা দেয়া কনরাডের ইচ্ছাবহির্ভূত। তাঁর মতে, আফ্রিকানরা শুধুমাত্র তাদের মধ্যে “শুক্রের মতো ঘোঁতঘোঁত শব্দে ছোটছোট শব্দগুচ্ছ বিনিময়ে সক্ষম”, কিন্তু তাদের অধিকাংশই পাগলামীতে ব্যস্ত। বইতে আফ্রিকান বর্বরদের দুটো ইংরেজীমাঝি বক্তব্যের কথা উল্লেখ আছে। প্রথমটি ঘটে যখন তাদের মধ্যে নরমাংস ভক্ষণপ্রথা জেগে উঠে :

“তাকে ধরো”, রক্ষস্বরে সে বললো। রক্তচক্ষু দৃষ্টি তার, তীক্ষ্ণ দাঁতে সাদা আনোর ঝলকানি। “তাকে ধরো। আমাদেরকে দিয়ে দাও”। “তোমাদেরকে দেবো”? আমি জিজ্ঞেস করলাম, “তোমরা ওকে দিয়ে কি করবে”? “খাবো” তার খুব সংক্ষিপ্ত উত্তর

আর দ্বিতীয় বক্তব্যটি এক আলোড়ন সৃষ্টিকারী ঘোষণা:

“মিষ্টাহ্ কুর্টজ-মৃত”।

আপাত:দৃষ্টিতে এই বক্তব্যগুলো কনরাডের উদারতা বশত: ভুল কিংবা অনাকাঙ্ক্ষিত ঘটনা বলে মনে হতে পারে। কিন্তু বাস্তবে, এটাই তাঁর আক্রমণের ধরন।

এটাই ভেবে সাঙুনা পেতে পারি, হার্ট অব্ ডার্কনেসে আফ্রিকানদের যে উপস্থাপনা তা কনরাডের নয়, গল্পের বিবরণদাতা মার্লোর। কনরাডের হাতে পড়ে হয়তো এটা কিছুটা বিদ্রোপ এবং সমালোচনার শিকার হয়েছে। তিনি অবশ্যই নিজের সাথে নিজের গল্পের এক বিভাজনরেখা তৈরীর যথাসাধ্য চেষ্টা করেছেন। কনরাড গল্পের বিবরণদাতার নেপথ্যে আর এক বিবরণদাতা বসিয়ে রেখেছেন। আমরা দেখি, গল্পের মূল বিবরণদাতা মার্লো, কিন্তু তার বক্তব্যগুলো দ্বিতীয় কোন অদৃশ্য শক্তি কর্তৃক পরিস্রুত হয়ে আমাদের কাছে

আসছে। যদি কনরাড মনে করে থাকেন যে তিনি তাঁর বিবরণদাতার নৈতিক এবং মনস্তাত্ত্বিক টানা পোড়ন থেকে নিজেকে স-সম্মানে দূরে সরিয়ে রাখবেন তাহলে আমার কাছে মনে হয় তাঁর সব চেষ্টাই বৃথা কেননা এতদ্ভিন্ন আর কোন সম্পর্কের কথা উল্লেখ করেননি যাকে দিয়ে আমরা তাঁর গল্পের চরিত্রগুলোর মতামত এবং কাজকর্ম যাচাই করতে পারি। অবশ্য কনরাড যদি ব্যাপারটা এভাবে চিন্তা করতেন, তাহলে চিন্তা-মাফিক আগানো তাঁর মতো মানুষের পক্ষে দুঃসাধ্য নয়। আমার কাছে তো মনে হয়, তাদের জীবিকাবৃত্তির সাদৃশ্যের কারণে মার্লো কনরাডের পরিপূর্ণ আত্মবিশ্বাসকে ভালোভাবেই উপভোগ করে।

সত্যের প্রত্যক্ষদর্শী হিসেবে নয়, মার্লো আমাদের কাছে এসেছে ইংরেজদের উদারপন্থী ঐতিহ্যের মতই সেসব আধুনিক এবং মানবিক মূল্যবোধ নিয়ে যেখানে সব শিষ্টাচারসম্পন্ন ইংরেজরা বর্বর কিং লেপার্ড অথবা বেনজিয়ানদের বুলগেরিয়া অথবা কপ্তোঁ দেখে দারুণ মর্মান্বিত হয়। এভাবেই মার্লো আবেগমখিত হৃদয়ের রক্তক্ষরণকে আন্দোলিত করে তোলে :

এটা সুস্পষ্ট যে তারা ধীরে ধীরে মৃত্যুর কোলে ঢলে পড়ছে। তারা শত্রু নয়, অপরাধী নয়, পার্থিব কোন কিছুই নয়। তারা এখন পীড়া অনাহারের কালো ছায়া ছাড়া আর কিছু নয় যারা দ্বিধাঘস্ত হয়ে গিয়ে আছে সবুজাভ বিষন্নতায়।

কনরাড অথবা মার্লোর উদারতার ধারা ছুঁয়ে গেছে সকল যুগের সকল শ্রেষ্ঠ ইংল্যান্ড, ইউরোপ এবং আমেরিকাবাসীর মন। এটা যদিও বিভিন্ন ধরনের মানুষের মনে বিভিন্ন প্রশ্নের উদ্বেক ঘটিয়েছে, কিন্তু সাদা এবং কালো লোকের সাম্যতার প্রশ্নে এটা সবার মনে একসমান জায়গা করে নিয়েছে।। আফ্রিকানদের উন্নয়নে নিয়োজিত, সঙ্গীত এবং ধর্মতত্ত্বের জন্য চৌকস পেশা উৎসর্গকারী সেই বিস্ময়কর ইউরোপীয় ধর্মপ্রচারক আলবার্ট স্কুইজারের লেখার বা প্রতিক্রিয়া ব্যক্ত করার ধরনও প্রায় কনরাডের মত। এক মন্তব্যে, যেটা আমি অনেকবার উল্লেখ করেছি এবং শেষবারের মত করতে চাই, স্কুইজার বলেন:

আফ্রিকানরা মূলত: আমার ভাই কিন্তু অধঃজন ভাই”। ভাই তিনি তাঁর অধঃজন ভাইদের
সমাজনীয়ার কথা বিবেচনা করে জীবনুতত্ত্ব আবিষ্কার হওয়ারও আগে একটি স্বাস্থ্যকর মানদণ্ডসম্পন্ন
সমস্যাগুলি গড়ার লক্ষ্যে এগিয়ে গেলেন। স্বভাবতই, এই ঘটনায় তিনি ইউরোপ এবং আমেরিকাবাসীর
সাথে কৌতূহলের পাত্র হয়ে দাঁড়িয়েছিলেন। ল্যাথামের এর প্রাচীন বনের কিনারায় সেই আশ্চর্য এবং
লৌকিক মহাত্মাকে এক নজর দেখার জন্য পরিব্রাজকরা হুমড়ি খেয়ে পড়তো, এবং এমনকি তাঁর চলে
ওয়ার পরও এখনো পড়ে বলে আমার বিশ্বাস।

কনরাডের উদারতা তাঁকে স্কুইজারের সমপর্যায় নিয়ে যেতে পারেননি। তিনি “ভাই” শব্দটি ব্যবহার
 করেননি, “আত্মীয়” পর্যন্ত যেতে পেরেছিলেন। মালেরি আফ্রিকান কাভারী যুগে বর্শা বিধে মাটিতে
ড়ে যাওয়ার সময় যখন তার সাদা প্রভুর দিকে নির্লিপ্ত ভঙ্গিতে তাকালো, তা কনরাডের ভাষায় :

এবং তার ব্যাখ্যাতুর চোখের চাহনি আজও আমার স্মৃতিকে এমনভাবে নাড়া দেয় যেন
সংকটাপন্ন মুহূর্তে পাওয়া আমি তার দূরের কোন আত্মীয়।

কনরাড রাখা দরকার যে শব্দচয়নে সতর্ক কনরাড কেউ দাবী করছে বলেই দূরবর্তী আত্মীয়তার কথা বলছেন
না। একজন কালো মানুষ হয়ে একজন সাদা মানুষের উপর দাবী খাটাতে - ব্যাপারটা পুরোপুরি
সহনীয়। এটা এমন এক সুগু দাবী যা কনরাডকে একই সাথে আতঙ্কিত করে আবার মুগ্ধও করে :

... তাদের মানবিকতা বোধ ... তোমাদের মতই ... কুৎসিত”।

কনরাড যে এক রক্তচোষা বর্ণবাদী- আমার এ পর্যবেক্ষনের বিষয়টি এবার পরিষ্কার হওয়া উচিত। তাঁর
কথা নিয়ে সমালোচনায় এই চরম সত্যটি এমনভাবে ফুটে উঠেছে যেন আফ্রিকানদের বিরুদ্ধে এই সাদা
বর্বাদ খুব স্বাভাবিক একটা বিষয় যেটার বাহ্যিক কোন প্রতিক্রিয়া নেই। হাট অব ডার্কনেস পড়ুয়াদের

প্রায়ই বলতে শোনা যায় কনরাড একাকীভূত এবং অসুস্থতার কারণে ক্ষয়িষ্ণু এক ইউরোপীয়ান নিয়ে যতটুকু উদ্ভিগ্ন, পুরো আফ্রিকা নিয়েও তিনি ততটুকু উদ্ভিগ্ন নন। তারা কেউ কেউ এটাও বলতে পারে কনরাড আফ্রিকানদের চাইতে ইউরোপীয়ানদের কাছে কম উদার। কনরাডের এক ছাত্র গত বছর আমাকে স্কটল্যান্ডে বলেছিল নেহায়েত কুর্টজ এর মনকে বিশেষণ করার জন্য গল্পে আফ্রিকাকে স্থান দেয়া হয়েছে।

কথাটা মোটামুটি সত্যি; আফ্রিকানদের মানবিক দিকগুলো অবমূল্যায়ন করার জন্য আফ্রিকাকে গল্পের পটভূমি হিসেবে বেছে নেয়া হয়েছে। আফ্রিকা যেন এক আধিবিদ্যক যুদ্ধক্ষেত্র যেখানে ভ্রাম্যমান ইউরোপীয়ানরা প্রাণের ঝুঁকি নিয়ে প্রবেশ করেছে। একজন ইউরোপীয়ানের মনে আঘাত করার মত এখানে অনেক মিথ্যা, কুরঙ্গচিপূর্ণ, অহমিকায় ভরা বক্তব্য পাওয়া যায়। কিন্তু, সেটাও তেমন মূল বিষয় নয়। আসল বিষয় হচ্ছে আফ্রিকা এবং আফ্রিকানদেরকে মনুষ্যত্বহীন করার আজন্ম লালিত বাসনা। এবং, প্রশ্ন হচ্ছে মনুষ্যত্বহীনতা উপভোগকারী, মানব সম্প্রদায়ের একটা অংশকে অস্বীকারকারী একটা উপন্যাস কিভাবে মহান শিল্পের আখ্যান পায়? আমার উত্তর হচ্ছে: না, এটা পেতে পারে না। যে ব্যক্তি একজন মানুষকে অন্য মানুষ ধ্বংস করার পিছনে লেলিয়ে দেয় তাকে আমি মননশীল লেখক বলে মানি না। হোক সে লেখনীতে প্রতিমূর্তী এবং স্বরপ্রবাহ তৈরীতে সিদ্ধহস্ত। জনগনকে পশ্চাৎগামী করে তোলা একজন ধর্মযাজক অথবা একজন রোগী মারা ডাক্তারের চাইতে সে কোন অংশে কম নয়। জার্মানীতে নাৎসী বাহিনীর যেসব লোক তাদের মেধাকে অপচয় করেছিল বিজ্ঞান, দর্শন অথবা শিল্প সাহিত্যকে বর্ণবাদের বিষবাস্পে একীভূত করার কাজে, তাদের বিকৃত মানসিকতার জন্য আজ তারা বিশ্বজুড়ে নিন্দিত। এখন সময় এসেছে কনরাডের মত সেই সব মননশীল লেখকদের লেখাগুলোর প্রতি আরেকবার দৃষ্টিপাত করার যারা তাদের মেধাকে মানুষের পিছনে মানুষকে লেলিয়ে দেয়ার কাজে ব্যবহার করেছে।

ইয়েভুসহেনকো'র কথাটা আমার খুব মনে ধরেছে। তিনি বলেন, “একজন কবি কখনোই একই সাথে কবি এবং দাস ব্যবসায়ী হতে পারে না”। এক্ষেত্রে তিনি সবচেয়ে ভাল উদাহরণ দিয়েছেন আর্থার রিমবডকে দিয়ে। যখন সে দাস ব্যবসা শুরু করেছিল, ঠিক তখনই সে কাব্য চর্চা থেকে নিজেকে দূরে সরিয়ে নিল। কবিতা তো মানুষের মুক্তির কথা বলে, দাসত্বের কথা নয়; কবিতা হিটলার অথবা কনরাডের “আদিম আত্মার” বিরুদ্ধে মানবজাতির ভাতৃত্ববোধ আর ঐক্যের কথা বলে।

গত বছর ছিল কনরাডের ৫০তম মৃত্যুবার্ষিকী। তাঁর জন্ম ১৮৫৭ সালে। ঠিক সেই বছরই আংলিকান ধর্মপ্রচারকরা প্রথমবারের মত আমার নাইজেরিয়ান জনগণের কাঁছে পৌঁছাতে শুরু করল। তিনি এমন এক সময়ে জন্ম নিয়েছিলেন যখন কালো লোকেরা ছিল খ্যাতির নিম্নস্তরে। এটা পুরোটাই তাঁর দোষ নয়। সমসাময়িক সব কুসংস্কারকে মেনে নেয়ার পরও কেন কালো লোকদের প্রতি কনরাডের তীব্র ঘৃণা - তার ব্যাখ্যা শুধুমাত্র কনরাডের অদ্ভুত মনস্তত্ত্বেই সম্ভব। তাঁর বর্ণনায় এক কালো লোকের সাথে প্রথম মুখোমুখি হওয়ার ঘটনা নিম্নরূপ :

শেষের দিনগুলোতে হাইতিতে দেখা সেই অন্ধ, ক্রুদ্ধ, ক্রোধোন্মত্ত, পশুবৎ কাফরী তাদের সম্বন্ধে আমার ধারণাকে পাকা-পোক্ত করে দিল। সেই কাফরীকে আমি অনেক বছর স্বপ্নে দেখতাম।

নিশ্চয়ই, কনরাডের সাথে কাফরীদের কোন বিবাদ ছিল কিনা সেটাই মনস্তত্ত্ব বিশেষকদের ভাবনার বিষয়। শব্দচয়নে তাঁর অপরিমিত ভালবাসা সেটাই প্রমাণিত করে। কালোদের উপর তাঁর চিরস্থায়ী মনোভাব তাঁর ছোট-খাট সব বর্ণনাতেই ফুটে উঠেছে :



একটা কালো শরীর দাঁড়িয়ে আছে তার কালো দুটি পায়ের উপর ভর করে। কালো হাত দুটি
ঝুলছে।

যেন একটা কালো শরীর দুটো লম্বা হাতের আশায় দ্রুত পদক্ষেপে এগিয়ে যাচ্ছে! কি অদ্ভুত নির্দয়
কনরাডের ধারণা। মজার ব্যাপার হচ্ছে, কনরাড আমাদেরকে তাঁর এক ব্যক্তিগত ঘটনার কথা জানান
যেখানে তিনি হাইতির সেই পশুবৎ কাফরীর মতো আরেক সঙ্গীর দেখা পান। তবে, তাঁর এবারের সঙ্গীটি
আফ্রিকান নয়, ইউরোপীয়। ষোল বছর বয়সে তিনি প্রথমবারের মত ইউরোপীয় ইংরেজের মুখোমুখি হন।
তিনি তাঁর নাম দিয়েছেন “আমার দেখা অবিস্মরণীয় ইংরেজসাহেব” এবং তাঁর সম্বন্ধে বর্ণনা নিম্নরূপ :

তাঁর অনাড়ম্বর হাঁটুর নিম্নভাগ সাধারণ মানুষের চোখে পড়ার মত পা দুটোর মার্বেল
পাথরের মত ঝকঝকে অবস্থা দেকে দর্শকের চোখ ঝলসে যায়। . . . আলোকদীপ্ত মুখ . . . বিজয়ের
হাসি ভরা চোখ . . . পাশ কেটে যাওয়ার সময় তার সেই অনুরাগমাখা কৌতুহনী দৃষ্টি এবং বড়, সুন্দর
আর উজ্জ্বল দাঁতের প্রভা . . . উজ্জ্বল পায়ে আলোর নাচন

মানসিক প্রীড়াহস্ত কনরাডের হৃদয়ে অযৌক্তিক ভালবাসা এবং অযৌক্তিক ঘৃণা ঘুরপাক খাচ্ছে। কিন্তু তাঁর
অযৌক্তিক ভালবাসা যেখানে শুধুমাত্র বোকা মানুষের বিবেচনাশূন্য কাজ হিসাবে আখ্যান পায়, সেখানে
অহেতুক ঘৃণা কোন একটা সম্প্রদায়ের অস্তিত্বকে সংকটাপন্ন অবস্থার দিকে ঠেলে দিতে পারে। বস্তুত:
কনরাড মনস্তত্ত্ব-বিশ্লেষকদের কাছে স্বপ্ন-পুরম্বা কেননা তাঁর অদ্ভুত মনটা বিশ্লেষকদের কাছে
গবেষণার পাত্র। সম্ভবত, এই গবেষণার কাজটাই সবচেয়ে বিশদভাবে করেছেন মনস্তত্ত্ব-বিশ্লেষক বার্নার্ড
সি. মেয়ের, ডক্টর অব মেডিসিন। এই বিশাল বইয়ে, কনরাডকে ব্যাখ্যা করার জন্য ডঃ মেয়ের,
সহজবোধ্য কিংবা দুর্বোধ্য, কনরাডের প্রতিটি খুঁটিনাটি ঘটনার বর্ণনা দিয়েছেন। উদাহরণ হিসাবে উল্লেখ

করা যেতে পারে, কনরাডের চুল এবং চুল কাটার তাৎপর্য নিয়ে তিনি আমাদের কাছে এক বিশাল প্রবন্ধ উপস্থাপন করেন। কিন্তু মজার ব্যাপার হচ্ছে, এই বইতে কনরাডের চোখে কালো লোকদের অবস্থানকে কেন্দ্র করে একটা শব্দও উচ্চারিত হয়নি। এমনকি, কনরাডের ইহুদী বিরোধী যে বক্তব্য, সেই বক্তব্যের অঙ্কার এবং উস্কানিমূলক দিকগুলো ড: মেয়েরের মনকে একটুও স্পর্শ করেনি। এতে করে আমাদেরকে এটাই শেখানো হয়, পাশ্চাত্য মনস্তত্ত্ববিৎদের চোখে কনরাডের দেখানো জাতিগত বিদ্বেষ খুবই সাদামাটা একটা ব্যাপার যদিও বা ফ্রেঞ্চ আন্‌জেরিয়র মানসিক হাসপাতালগুলোতে ফ্রাংজ্ ফেনন এর কিছু গুরুত্বপূর্ণ কাজ দলিল হিসাবে রয়ে গেছে।

কনরাডের সমস্যা যাই হোক না কেন, আপনারা বলতে পারেন তিনি তো এখন মৃত। হ্যাঁ, সত্যি। কিন্তু দুর্ভাগ্যবশত: তাঁর অঙ্কারাঙ্কন হৃদয় আমাদেরকে এখনো পীড়িত করে। আমরা পীড়িত হই যখন দেখি একটি আক্রমণাত্মক এবং বহুল সমালোচিত বইকে বিদগ্ধ পন্ডিতরা “ইংরেজী সাহিত্যের আধডজন ছোট উপন্যাসের মধ্যে অন্যতম” হিসাবে আখ্যায়িত করেন। আমরা শঙ্কিত হই যখন দেখি খোদ আমাদের ইংরেজী বিভাগে বিংশ শতাব্দির সাহিত্যের পাঠ্যতালিকায় বইটির নাম সর্বসম্মতিক্রমে স্থান পেয়েছে। মূলত: এই বিষয়গুলোর উপর জোড়ারোপ করার সময় পেরিয়ে গেছে বহু আগে।

সম্ভাব্য দুটো ভিত্তির উপর দাঁড়িয়ে আমার দীর্ঘ আলোচনাগুলো প্রতিদ্বন্দিতায় অবতীর্ণ হতে পারে। প্রথমত, বইটি কোন উপন্যাসের মর্যাদা পেতে পারে না কেননা এটি শুধুমাত্র একশ্রেণীর পাঠককে খুশি করার উদ্দেশ্যে লেখা। এই সূত্র ধরেই আমি সামনের দিকে আগাব কিন্তু কাউকে খুশি করার জন্য কিছু বলব না। আমি এমন একটা বইয়ের কথা বলছি যেটি অশালীন ভঙ্গিমায় পাঠকের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছে এবং অপমান করেছে মনিবসম্প্রদায়ের একটি অংশকে যার ফলস্বরূপ সে সম্প্রদায়

অদ্যাবধি বিভিন্ন জায়গায়, বিভিন্ন পরিস্থিতিতে অবর্ণনীয় দুর্ভোগ এবং মর্মবেদনার শিকার। আমি এমন এক গল্পের কথা বলছি যেখানে কৃষ্ণবর্ণসম্প্রদায়ের মৌলিক মানবতাবোধকে প্রশ্নবিদ্ধ করা হয়েছে। প্রতিকূল পরিবেশেও মানসম্মত শিল্পসাহিত্য গড়ে উঠতে পারে- এ যুক্তি আমার কাছে সম্পূর্ণ অগ্রাহ্য মনে হয়।

দ্বিতীয়ত, প্রকৃত বাস্তবতার আলোকে কনরাড সম্বন্ধে আমার ধারণা কতটুকু যুক্তিযুক্ত। কনরাড, যাই হোক, কঙ্গো নদীর বুকে পাল তুলেছিলেন ১৮৯০ সালে যখন কিনা আমার বাবা ছিলেন নিতান্তই এক দুঃখপোষ্য বাচ্চা। তাহলে আমি কিভাবে তাঁর মৃত্যুর পঞ্চাশ বছর পর ১৯৭৫ সালে দাঁড়িয়ে তাঁর কথাগুলো অস্বীকার করার ধারণা পোষন করি। আমার যুক্তি হচ্ছে, যে ভ্রমনে আমি নিজে অংশ নেইনি সে ধরনের কোন পর্যটকের ভ্রমনকাহিনীকে আমি কোনভাবেই বিশ্বাস করব না। এমনকি, কারো নিজের স্বচক্ষে দেখা কোন ঘটনাকেও আমি বিশ্বাস করব না যদি আমার কাছে মনে হয় লোকটা কনরাডের মত বর্ণাঙ্ক। কনরাডের জীবনীকার বার্নার্ড সি. মেয়ের এর মুখ থেকে এ ও জানতে পারি যে কনরাড ছিলেন “নিজের ইতিহাস উপস্থাপনায় স্বেচ্ছাচারী”।

এ সমস্ত আলোচনা থেকে একটা বিষয় উঠে আসছে যে কঙ্গো নদীর তীরে বেড়ে ওঠা মানুষগুলোর চিত্র কনরাডের দৃশ্যায়নে একেবারেই অনুপস্থিত যদিও বা মধ্য আফ্রিকার উন্নয়নে নিয়োজিত কিং লেপার্ডের আনুষ্ঠানিক সংগঠন ধ্বংস করার অপরাধে এ মানুষগুলোর ছিল আলোচনার কেন্দ্রবিন্দুতে। এমনকি বন্ধ মনের পর্যটকেরা নিজেদের সম্বন্ধে না জানলেও এ ঘটনা কিছু কিছু জানে। কিন্তু কনরাডের মত ভানে বন্ধ চোখ এবং ভীন্দেশীদের সম্বন্ধে অহেতুক ঘৃণা পোষনকারী ব্যক্তির পক্ষে এ ঘটনা সম্বন্ধে ওয়াকিবহাল না থাকা আশ্চর্যজনক কিছু নয়।

এবার একটু ভিন্নপ্রসঙ্গে কথা বলি। সকল যুগের অন্যতম শ্রেষ্ঠ এবং অকুতোভয় পরিব্রাজক ছিলেন মার্কে পোলো যিনি তেরো শতকে ভূমধ্যসাগরীয় অঞ্চল থেকে দূরপ্রাচ্যের উদ্দেশ্যে যাত্রা করেছিলেন। যাত্রাপথে তিনি বিশটি বছর কাটান চীনে কুবলাই খানের দরবারে। তারপর ভেনিস শহরে যাওয়ার প্রাক্কালে তিনি তাঁর *ডেসক্রিপসান অব দ্যা ওয়ার্ল্ড* নামক গ্রন্থে তাঁর দেখা দর্শনীয় স্থান, জনগণ এবং তাদের রীতিনীতি নিয়ে তাঁর অভিমত ব্যক্ত করেন। কিন্তু এ বর্ণনায় কম করে হলে ও দুইটি ঘটনার কোন উপস্থিতি নেই। প্রথমত, তিনি কৌশলে এড়িয়ে গেছেন ছাপাখানার কৌশলের কথা যেটি কিনা চীনাদের কাছে পূর্ণ পরিচিতি লাভ করলে ও তখনো পর্যন্ত ইউরোপীয়দের কাছে অজানা। হয়তো এটা তাঁর চোখে ধরা পড়েনি অথবা ধরা পড়লে ও তিনি বুঝতে পারেননি এটা ইউরোপীয়দের সম্ভাব্য কি কাজে আসবে। কারণ যাই হোক না কেন, ইউরোপকে গুটেনবার্গের জন্য আরো একশো বছর অপেক্ষা করতে হয়েছে। কিন্তু সবচেয়ে বেশী আশ্চর্যজনক ব্যাপার হচ্ছে মার্কে পোলোর বর্ণনায় চীনের মহাপ্রাচীরকে এড়িয়ে যাওয়া। কি আশ্চর্য! এক হাজার বছরেরও বেশী পুরোনো এবং চার হাজার মাইল দীর্ঘ সেই ঐতিহাসিক চীনের মহাপ্রাচীর তাঁর চোখে পড়লো না। ঠিক আছে, হয়তো তিনি এটা দেখেননি। কিন্তু, চীনের মহাপ্রাচীরই একমাত্র মানবনির্মিত স্থাপত্য যা চাঁদের দেশ থেকে ও দেখা যায়। তাই তো বলি, পরিব্রাজকরাও মাঝে মাঝে অন্ধ হয়।

আমার আগের কথার সূত্র ধরেই বলছি, কনরাডের বইতে আমরা এমন কিছুই পাইনি যাতে আফ্রিকার আসল প্রতিচ্ছবি ফুটে উঠেছে। যে প্রতিচ্ছবির বর্ণনা দেয়া হয়েছে তা নিতান্তই প্রস্চাত্যমনের আধিপত্য বিস্তারের চিত্র ছাড়া আর কিছুই নয় যা কনরাডের মনেও খেলা করে।

গত নভেম্বরে প্রকাশিত ক্রিস্চিয়ান সায়েন্স মনিটরে ম্যাগাজিনটির শিক্ষাবিষয়ক সম্পাদক কর্তৃক লেখা একটি মজার প্রবন্ধ স্থান পেয়েছে। যেখানে উঠে এসেছে কিভাবে শিশুরা শেখার এবং বুঝার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সমস্যায় ভোগে। যারা ঘরে এক ভাষায় বেড়ে উঠে এবং পরবর্তীতে স্কুলে গিয়ে অন্য ভাষায়

মুখোমুখি হয়। বিস্তৃত এই প্রবন্ধে আরো উঠে এসেছে এই অঞ্চলে বসবাসরত স্প্যানিশ ভাষাভাষী শিশুদের কথা থেকে শুরু করে জার্মানিতে বসবাসরত ইতালীয়ান অধিবাসী শ্রমিকদের শিশুদের কথা। ছিল চতুর্ভাষী মালয়েশিয়ানদের থেকে শুরু করে আরো অনেক কিছু। আর এত সব কিছুর মধ্য থেকে সর্বোত্তমভাবে উঠে এসেছে ভাষার কথা। কিন্তু কথার ফাঁকে হঠাৎ যে চরম সত্যটি বেরিয়ে এল তা এরকম :

“লন্ডনেই এরকম অনেক অভিবাসী শিশু আছে যারা হয় ইন্ডিয়ান অথবা নাইজেরিয়ান অথবা অন্য কোন স্থানীয় ভাষায় কথা বলে।”

একটা পরিবর্তন হয়তো বা আসবে। হয়তো বা পরিবর্তনের সময় এখন যখন বিদ্যমান পাশ্চাত্য বিজ্ঞান এবং শিল্পের স্বাসরুদ্ধকর অর্জন আমাদেরকে সন্দেহ এবং দ্বিধাদ্বন্দের দিকে ঠেলে দিচ্ছে। তারপরও আমাদের একটু আশা - পশ্চিমা যেন অন্য মানুষদের অর্জনগুলোকে একটু ভালো চোখে দেখে। সেদিন আমি পত্রিকায় একটি মস্তব্য প্রতিবেদন পড়ছিলাম যেখানে বলা হচ্ছে আমেরিকার এখন প্রয়োজন যেখাবেই হোক যৌথ পরিবার প্রথাকে ফিরিয়ে আনা।

আর আমি আমার দিব্য চক্ষু দিয়ে দেখতে পাচ্ছি আফ্রিকার শান্তিকামী স্বেচ্ছাসেবকরা এই প্রথা প্রচলনের লক্ষ্যে তোমাদেরকে সাহায্যে করার জন্য এগিয়ে আসছে।

সত্যিকার অর্থে, যে কাজটা করার কথা বলছি তা নিতান্তই দুঃসাধ্য। কিন্তু তারপরও আমার বিশ্বাস, এটা শুরু হতে আর খুব বেশি দেরি নেই। আর, তা শুরু করার জন্য বিশ্ববিদ্যালয়ের চাইতে উন্নততর জায়গা

আর কোথায় হতে পারে ?

